শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ রাবার বোর্ড
প্রধান কার্যালয়
ই ১০-১৩, এম এ কে খলিল সড়ক, পশ্চিম পাহাড়
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম

স্মারক নম্বর: বিআরবি/জনবল নিয়োগ/২০২০-৮০১

তারিখ: ১৯/১২/২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রাবার বোর্ড এর নিম্নেবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য সকল জেলার নাগরিকদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে টেলিটক লি: এর মাধ্যমে অনলাইনে http://brb.teletalk.com.bd এর ওয়েবসাইটে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ব্যক্তিগত কর্মকর্তা | ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রি; এবং<br>খ) শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ২. | ভান্ডার কর্মকর্তা | ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>খ) শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ৩. | ল্যাবরেটরি এসিস্ট্যান্ট | ৯,৭০০-২৩,৪৯০ (গ্রেড-১৫) | ০২ (দুই) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিদ্যা, জৈব রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান বা কৃষি বিজ্ঞানসহ বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রি; এবং<br>খ) শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ১০ (দশ) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষর – এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা – ২০ শব্দ, ইংরেজি – ২০ শব্দ থাকতে হবে;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ) কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত |
| ৫. | আমিন/সার্ভেয়ার | ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভে) উত্তীর্ণ। |
| ৬. | গাড়ী চালক | ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০৭ (সাত) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ড্রাইভিং লাইসেন্সধারী; এবং<br>গ) যানবাহন চালনায় পারদর্শী। |
| ৭. | অফিস সহায়ক | ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ১২ (বার) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ উত্তীর্ণ। |

পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীগণ http://brb.teletalk.gov.bd অথবা www.rubberboard.gov.bd এর ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২১ ডিসেম্বর ২০২১, সকাল ১০:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১১ জানুয়ারি ২০২২, বিকাল ০৫:০০ টা।

নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্যাদি বাংলাদেশ রাবার বোর্ডের ওয়েবসাইট www.rubberboard.gov.bd তে পাওয়া যাবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি যথা সময়ে প্রার্থীদেরকে তাদের মোবাইলে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হবে এবং বাংলাদেশ রাবার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

২১/১২/২১

(দেবময় দেওয়ান)
উপসচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ও
আহ্বায়ক
গ্রেড-১৪ হতে গ্রেড-২০ (৩য় ও ৪র্থ শ্রেণি) পর্যন্ত পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য বিভাগীয় নির্বাচন কমিটি, চট্টগ্রাম।

*C:\Users\Hriddhi\Downloads\final circular for paper (1).docx*



Scanned with CamScanner

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণীয়:

০১। প্রার্থীর বয়স:

(ক) ২৫-০৩- ২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৩০ বছর;

(খ) ২১-১২- ২০২১ তারিখে প্রার্থীর সর্বনিম্ন বয়সসীমা ১৮ বছর;

(গ) শুধু বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;

(ঘ) বিভাগীয় প্রার্থীর (একই নিয়োগ বিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী) ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর; এবং

(ঙ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে শর্ত প্রযোজ্য নয়।

০৩। সরকারি নির্দেশনা মোতাবেক বর্তমান প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে;

০৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়ে ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে আবেদনপত্র বাতিল করা হবে;

০৫। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে বর্ণিত ছকের ০৪ নং ও ৫নং ক্রমিকের শূন্য পদ সমূহের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন;

০৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

০৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

০৮। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) (i) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ প্রত্যয়ন/ অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(ii) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

(iii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(iv) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(v) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র দাখিল করতে হবে।

(vi) বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সনদ/ প্রত্যয়ন /অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

(vii) বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

(খ) উক্ত তথ্য সমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে;

(গ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট;

(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে তাঁর স্বপক্ষে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ ভারতীয় তালিকা/ লাল মুক্তিবার্তা নম্বর/ সাময়িক সনদের নম্বর ও তারিখ/ বামুসসনদের নম্বর ও তারিখ উল্লেখ পূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণ পত্র উপস্থাপন করতে হবে;

(ঙ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

(চ)প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া যেকোন পর্যায়ে স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

Scanned with CamScanner

১১। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধিবিধান প্রযোজ্য হবে।

১৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://brb.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদন পত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online – এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১-১১-২০২১ খ্রি, সকাল-১০.০০ টা।

(ii) Online – এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১-০১-২০২২ খ্রি, বিকাল-৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online – এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদন পত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।ছবির সাইজ সর্বোচ্চ 10 ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online – এ আবেদন পত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online – এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online – এ আবেদনপত্র (Application Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুল ভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৬ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকা অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন এবং ৭নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকা অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online – এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা।

প্রথম SMS:**RUBBERBOARD**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে|

Example: **RUBBERBOARD ABCDEF**

Reply Applicant's Name, TK.112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type **RUBBERBOARD**<Space>**Yes**<Space>**PIN** and send to 16222

দ্বিতীয় SMS: **RUBBERBOARD**<Space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **RUBBERBOARD Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ------------.
Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://brb.teletalk.com.bd** ওয়েবসাইটে ও প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS –এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজনিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:**RUBBERBOARD**<space>**Help**<space>**User**<space>**User ID**& Send to 16222.
Example: **RUBBERBOARD Help User ABCDEF**& Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **RUBBERBOARDC**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number**& Send to 16222.
Example: **RUBBERBOARD Help PIN 12345**&Send to 16222.

Scanned with CamScanner

(ৱ) (বিবিধ):

(i) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ রাবার বোর্ড এর নিজস্ব ওয়েবসাইটে www.rubberboard.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে সরাসরি https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ii) নিয়োগ ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে বাংলাদেশ রাবার বোর্ড এর নিজস্ব ওয়েবসাইটে www.rubberboard.gov.bd বা http://brb.teletalk.com.bd এবং https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে নিয়মিত ভিজিট করুন।

(iii) Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এ মেইল করা যেতে পারে। (Mail এর Subject-এ Organization Name: **RUBBERBOARD**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(iv) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩১। Online – এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৭/১২/২৩

(দেবময় দেওয়ান)
উপসচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ও
আহ্বায়ক
গ্রেড-১৪ হতে গ্রেড-২০ (৩য় ও ৪র্থ শ্রেণি) পর্যন্ত পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য
বিভাগীয় নির্বাচন কমিটি, চট্টগ্রাম।

Scanned with CamScanner